



সংখ্যা : ১৫.৫৫.০০০০.০০২.২৫.০৫৭.১৬.৯৯২

তারিখ : ২১ জুলাই ২০২২ খ্রি.


## প্রেস রিলিজ

ঢাকা: ২১ জুলাই, ২০২২

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট আয়োজিত ১২ (বার) সপ্তাহব্যাপী বিসিএস (তথ্য) ৩৮তম পেশাগত প্রবেশক প্রশিক্ষণ পাঠ্যধারার সমাপন ও সনদপত্র বিতরণ অনুষ্ঠান আজ ২১ জুলাই ২০২২ খ্রি. বৃহস্পতিবার সকাল ১১:০০ টায় ইনস্টিটিউটের শেখ রাসেল অডিটোরিয়াম-এ অনুষ্ঠিত হয়। বিসিএস তথ্য ক্যাডার কর্মকর্তাদের চাকুরি স্থায়ীকরণের জন্য পেশাগত প্রবেশক পাঠ্যধারাটি অত্যাবশ্যকীয়। অনুষ্ঠানে জনাব মোঃ মকবুল হোসেন পিএএ, মাননীয় সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। সভাপতিত্ব করেন জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের মহাপরিচালক শাহিন ইসলাম, এনডিসি (অতিরিক্ত সচিব)। এছাড়া পাঠ্যধারা উপদেষ্টা জনাব মো. মারুফ নাওয়াজ ও পাঠ্যধারা পরিচালক মিজ তানিয়া খান উপস্থিত ছিলেন।

মাননীয় সচিব জনাব মোঃ মকবুল হোসেন পিএএ সমাপন ও সনদপত্র বিতরণ অনুষ্ঠানে প্রশিক্ষার্থীদের বাংলাদেশের অগ্রযাত্রায় নিবেদিতপ্রাণে, দক্ষ ও প্রযুক্তি বান্ধব কর্মকৌশলের মাধ্যমে দেশের কল্যাণে অবদান রাখার আহবান জানান। পরে তিনি তাঁদের মাঝে সনদপত্র বিতরণ করেন।

বিসিএস (তথ্য) ৩৮ তম পেশাগত প্রবেশক পাঠ্যধারাটিতে তথ্য অধিদফতর, বাংলাদেশ বেতার, গণযোগাযোগ অধিদপ্তর এবং চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর-এর ২০ (বিশ) জন কর্মকর্তা অংশগ্রহণ করেছেন। একাবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবেলা করেই তত্ত্বীয় ও ব্যবহারিক পাঠদানের মাধ্যমে বহুমুখী দক্ষ কর্মকর্তা হিসেবে প্রশিক্ষার্থীদেরকে গড়ে তোলাই এ পাঠ্যধারাটির মূল লক্ষ্য ছিল।

  
আবদুল হান্নান  
গণসংযোগ কর্মকর্তা  
ফোন : ৫৫০৭৯৪৩৮-৪২

### বিতরণ: সদয় কার্যার্থে

- ০১। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর, ঢাকা
- ০২। মুখ্য বার্তা সম্পাদক/ চীফ রিপোর্টার, বাংলাদেশ টেলিভিশন/ বাংলাদেশ বেতার/ বাংলাদেশ সংবাদ সংস্থা/ এটিএন বাংলা/ চ্যানেল আই/ একুশে টিভি/এনটিভি/সময় টিভি/দৈনিক ইত্তেফাক/ দৈনিক জনকণ্ঠ/ দৈনিক প্রথম আলো/ দৈনিক যুগান্তর/বাংলাদেশ প্রতিদিন/দৈনিক ভোরের পাতা/দৈনিক সকালের খবর/ কমিউনিটি বেতারসমূহ।
- ০৩। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৪। কার্যালয় নথি।